

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৯৩০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - অংশীদারিত্ব ও ওয়াকালাহ (দায়িত্ব প্রদান)

### بَابُ الشَّرِكَةِ وَالْوَكَالَةِ

আরবী

عَنْ زَهْرَةَ بْنِ مَعْبُدٍ: أَنَّهُ كَانَ يَخْرُجُ بِهِ جَدُّهُ عَبْدُ اللَّهِ بْنُ هِشَامٍ إِلَى السُّوقِ فَيَشْتَرِي الطَّعَامَ فَيُلْقَاهُ ابْنُ عُمَرَ وَابْنُ الزُّبَيْرِ فَيَقُولَانِ لَهُ: أَشْرَكْنَا فَإِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ دَعَا لَكَ بِالْبَرَكَةِ فَيُشْرِكُهُمْ فَرُبَّمَا أَصَابَ الرَّاحِلَةَ كَمَا هِيَ فَيَبْعَثُ بِهَا إِلَى الْمَنْزِلِ وَكَانَ عَبْدُ اللَّهِ بْنُ هِشَامٍ ذَهَبَتْ بِهِ أُمُّهُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَسَحَ رَأْسَهُ وَدَعَا لَهُ بِالْبَرَكَةِ. رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

২৯৩০-[১] যুহরাহ্ ইবনু মা'বাদ (রহঃ) হতে বর্ণিত। তাঁর দাদা 'আব্দুল্লাহ ইবনু হিশাম তাঁকে নিয়ে বাজারে যেতেন এবং খাদ্যশস্য ক্রয় করতেন। অতঃপর তাঁর সাথে ইবনু 'উমার ও ইবনু যুবার (রাঃ)-এর সাক্ষাৎ হতো। তখন তাঁরা তাঁকে বলতেন, আপনি আমাদেরকেও আপনার সাথে শরীক করুন। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনার জন্য বারাকাতের দু'আ করেছেন। অতঃপর তিনি তাঁদেরকে নিজের সাথে শরীক করতেন। এমনও হতো যে, কোনো কোনো সময় তিনি পূর্ণ এক উট বোঝাই মালামাল লাভ করতেন এবং নিজের বাড়ির দিকে তা পাঠিয়ে দিতেন। (যুহরাহ্ বলেন) বিষয় হলো এই যে, একদিন আমার দাদা 'আব্দুল্লাহ ইবনু হিশাম -কে তাঁর মা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নিয়ে গিয়েছিলেন এবং তিনি তাঁর মাথায় হাত বুলিয়ে তাঁর জন্য বারাকাতের দু'আ করেছিলেন। (বুখারী)[১]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৫০১।

ব্যাক্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে রয়েছে যে, ছোটদের মাথা স্পর্শ করে আদর দেয়া, ছোটদের বায়'আত বর্জন করা, কেনাবেচার আশায় বাজারে যাওয়া, যেখানে সেখানে বরকত অনুসন্ধান করা ইত্যাদি শারী'আতসম্মত। আবু 'আব্দুল্লাহ বলেন, 'উরওয়াহ্ আল বারিকি বাজারে প্রবেশ করতেন এবং তিনি ৪০ হাজার দীনার/দিরহাম লাভ করেছিল। এমনকি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানী কেনার জন্য এক দীনার দিয়েছিলেন। তিনি তা দ্বারা দু'টি ছাগল কিনে একটি বিক্রি করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে একটি ছাগল এক দীনার নিয়ে এসেছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য বারাকাতের দু'আ করেছিলেন। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৫০১, ২৫০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68257>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন